



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১০৭/২২

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ
০৪ জুন ২০২২ খ্রিস্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন 'আনসার আল ইসলাম' এর একজন এজাহারভুক্ত পলাতক আসামী গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি টোকস দল গোপন সংবাদের ভিত্তিতে ০৪ জুন ২০২২ খ্রি. তারিখ ভোরে বিশেষ অভিযান পরিচালনা করে খুলনা জেলার কয়রা থানাধীন শেখপাড়া এলাকা থেকে "আনসার আল ইসলাম" এর একজন এজাহারভুক্ত পলাতক আসামীকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামীর নাম- ইয়াছির আরাফাত @আল জিহাদ ফি সাবিলিল্লাহ @আফনান ইসলাম (১৯), পিতা- নুরুল্লাহ সরদার, মাতা- হাফিজা খানম, স্থায়ী ঠিকানা: গ্রাম- ৪নং কয়রা ইউনিয়ন, পোস্ট- উত্তর বেদকাশী, থানা- কয়রা, জেলা- খুলনা। সে বর্তমানে লায়ল স্কুল এন্ড কলেজ, খুলনার একাদশ শ্রেণীর একজন ছাত্র। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১টি এন্ড্রয়েড মোবাইল সেট ও ২ টি সিমকার্ড জব্দ করেছে।

গ্রেফতারকৃত ইয়াছির আরাফাত@আল জিহাদ ফি সাবিলিল্লাহ @আফনান ইসলাম (১৯)'সহ তার অন্যান্য সহযোগীরা অনলাইনে জঙ্গীবাদ প্রচারণাসহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে তথাকথিত খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠার উদ্দেশ্যে দীর্ঘ দিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। আসামী ও তার সহযোগীরা সাধারণ মানুষের মধ্যে উগ্রবাদী মতাদর্শ প্রচার ও আতংক সৃষ্টির মাধ্যমে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি এবং নাশকতার জন্য পরিকল্পনা, প্রশিক্ষণ ও প্রস্তুতি নেয়ার জন্য সোশ্যাল মিডিয়া ব্যবহার করে বিভিন্ন সিকিউরড গ্রুপ খুলে নিজেদের মধ্যে চ্যাটিং চালিয়ে যাচ্ছিল। এছাড়াও উগ্রবাদী বিভিন্ন বই অনলাইনে পোস্ট করে আগ্রহীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তাদের উগ্রবাদের দিকে আহ্বান করে আসছিল।

গ্রেফতারকৃত ইয়াছির আরাফাত@আল জিহাদ ফি সাবিলিল্লাহ @আফনান ইসলাম (১৯) ডিএমপি, শেরে বাংলা নগর থানায় মামলা নং- ৩৮, তাং-২৯/১০/২০২১ খ্রি., সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৮/৯(৩)/১০/১২/১৩ ধারা এর এজাহারভুক্ত পলাতক আসামী। তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ কার্যক্রম প্রক্রিয়াধীন।



০৪/০৬/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd